# শ্রীশ্রীসার্বভৌম-স্তুতি-সংগ্রহঃ

শ্রীশ্রীসার্বভৌম ভট্টাচার্য বিরচিত ঊনবিংশটি স্তোত্র সংগ্রহপূর্বক একত্রে পরিবেশিত হইল।

গোপীশরণ দাস।

শ্রীশ্রীনিত্যানন্দময় গৌড়ীয় গৌরব গ্রন্থমালাঃ— 32

# শ্রীশ্রীসার্বভৌম-স্তুতি-সংগ্রহঃ

প্রকাশকঃ—গোপীশরণ দাস।
শ্রীশ্রীনিতাই-গৌরাঙ্গ আশ্রম (মঠ বাড়ি)।
সমাদ্দার পাড়া, গোবরডাঙা, উঃ ২৪ পরগনা।

সম্পাদক — বৃন্দাবন দাস, শ্রীধাম বৃন্দাবন।

গ্রন্থস্বত্বঃ — প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত।

প্রথম প্রকাশঃ — শ্রীশ্রীগৌর পূর্ণিমা। শ্রীচৈতন্যাব্দ—৫৪১।
খৃষ্টাব্দ—৩রা মার্চ ২০২৬। বঙ্গাব্দ—১৪৩২।

প্রাপ্তিস্থানঃ —

১) গোপীশরণ দাস। All India free home delivery by courier service.
(on orders above ₹ 151 ) WhatsApp No. +91 97342 73774

২) শ্রীশ্রীনিতাই-গৌরাঙ্গ আশ্রম (মঠ বাড়ি)। সমাদ্দার পাড়া, গোবরডাঙা, উঃ ২৪ পরগনা।

৩) শ্রীহরিবোল কুটির, পোড়াঘাট, নবদ্বীপ, নদীয়া। মো. +91 99328 60561

৪) শ্রীশ্রীরাধারমণ বাগ (সমাজবাড়ি), নবদ্বীপ, নদীয়া। মো. +91 99329 44045

৫) শ্রীসোনার গৌরাঙ্গ মন্দির, শ্রীবাস অঙ্গন রোড, নবদ্বীপ। মো. +91 84363 74812

৬) শ্রীকুণ্ডেশ্বরী গ্রন্থালয়, রাধাকুণ্ড, পরিক্রমা মার্গ। মো. +91 82658 20456

৭) ভাগবত ভবন, চাকলেশ্বর, গোবর্দ্ধন। মো. +91 92864 73214

মুদ্রকঃ — Mudran Enterprise. Mo. 90384 87565

মুদ্রণ ব্যয়ানুকূল্য — 60/- টাকা মাত্র।

# উৎসর্গ-পত্র

কালগর্ভগত অনেকানেক প্রাচীন গ্রন্থ সমূহ সংরক্ষণ করিয়া 'শ্রীগৌরাঙ্গ গ্রন্থ মন্দির' স্থাপনকারী, শ্রীশ্রীরাধারমণচরণদাস দেবের কৃপাপাত্র পানিহাটি নিবাসী শ্রীঅমূল্যধন রায়ভট্ট মহোদয়ের কর-সরোরুহে সাদরে উৎসর্গিত হইল।

# নিবেদন

শ্রীগৌরহরির অসীম অনুকম্পায় "শ্রীসার্ব্বভৌম-স্তুতি-সংগ্রহঃ" গ্রন্থরত্নখানি প্রকাশিত হইল। আমরা সকলেই অবগত রহিয়াছি যে, শ্রীবাসুদেব সার্ব্বভৌম ভট্টাচার্য্য শ্রীধাম নীলাচলে শ্রীমন্মহাপ্রভুর দর্শন এবং কৃপাপ্রাপ্তি অবধি তিনি শ্রীচৈতন্যচরণে আত্মসমর্পণ করেন। শ্রীচৈতন্যচরিতামৃতাদিতে তাহার ভূরি ভূরি প্রমাণ পাওয়া যায়। যথা—"শ্রীকৃষ্ণচৈতন্য শচীসুত গুণধাম। এই ধ্যান, এই জপ, এই লয় নাম"(চৈ.চ.মধ্য-৬|২৩১) ইত্যাদি। "শ্রীচৈতন্য-শতকে" তাঁহার শ্রীমন্মহাপ্রভুর সহিত মহাপ্রভুর পরিকর এবং নামকীর্ত্তনের প্রতি অগাধ শ্রদ্ধাভক্তির পরিচয় পাওয়া যায়। তৎপরে তিনি শ্রীমন্মহাপ্রভুর, শ্রীমন্নিত্যানন্দ প্রভুর, শ্রীমদ্ অদ্বৈত প্রভুর, এবং শ্রীল গদাধর পণ্ডিতের অষ্টক এবং অষ্টোত্তরশত নামময় স্তব-স্তুতি লিখিয়াই জীবন ব্যতীত করিয়াছেন। ভট্টাচার্য্য মহাশয়ের পরিচয়াদি আপনারা মুরারিগুপ্ত-কড়চা, চৈতন্যচরিতামৃত-মহাকাব্য, চৈতন্যভাগবত, চৈতন্যচরিতামৃত এবং গৌড়ীয়বৈষ্ণব অভিধানাদিতে বিশেষরূপে অবগত হইবেন।

এই গ্রন্থ প্রস্তুতকালে আমরা প্রথমে এই গ্রন্থের নাম "শ্রীসার্ব্বভৌম-রচনা-সংগ্রহ" রাখিয়াছিলাম, কিন্তু শ্রীসার্ব্বভৌমরচিত আরও কয়েকখানি গ্রন্থের নামোল্লেখ পাওয়া যায়, যেমন—'অদ্বৈতমকরন্দটীকা' 'তত্ত্বচিন্তামণি-টীকা' ও 'সার্ব্বভৌমনিরুক্ত' প্রভৃতি। এই গ্রন্থাবলী আমাদের হস্তগত না হওয়ায় আমরা এই গ্রন্থের নাম "শ্রীসার্ব্বভৌম-স্তুতি-সংগ্রহ" সংজ্ঞিত করিয়াছি, যেহেতু এতে ভট্টাচার্য্য প্রণীত স্তুতি মাত্রই সংগৃহীত হইয়াছে।

স্তোত্র সংগ্রহে অনেক গ্রন্থ ও পাণ্ডুলিপির সহায়তা গৃহীত হইয়াছে, গৌরাঙ্গ গ্রন্থ মন্দির এবং বৃন্দাবন শোধ সংস্থানের কর্তৃপক্ষকে হার্দিক ধন্যবাদ জানাই, তাঁহারা আমাদের পুঁথি দেখিতে দিয়া বিশেষভাবে উপকৃত করিয়াছেন।

আমাদের স্নেহভাজন শ্রীধাম বৃন্দাবননিবাসী শ্রীবৃন্দাবনদাস বহু অনুসন্ধান করিয়া শ্রীসার্ব্বভৌমভট্টাচার্য্যের রচনাবলী সংগৃহীত করিয়াছেন। তদ্দ্বারাই আমরা এই স্তুতিসংগ্রহ গ্রন্থ সর্ব্বসম্মুখে তুলিয়া ধরিতে সক্ষম হইলাম। যথা—

(ক) শ্রীচৈতন্য-শতনাম-স্তোত্রম্—এই শতকখানি বহুল প্রচারিত হইলেও আমরা কৃষ্ণদাস বাবার গ্রন্থ এবং বরাহনগরের একখানি করলিপি অনুসারে তুলিয়া ধরিলাম। এই স্তোত্রখানি আমরা পূর্ব্বেই গৌরাঙ্গসহস্রনামপঞ্চকম্-গ্রন্থে প্রকাশন করিয়াছি।

(খ) শ্রীনিত্যানন্দ-শতনাম-স্তোত্রম্—শ্রীনিত্যানন্দ প্রভুর এই শতনামস্তোত্রটি এযাবৎ লোকলোচনের অন্তরালেই ছিল। বহুগ্রন্থালয়ে ইহার অসংখ্য করলিপি পরিদৃষ্ট হইলেও এই প্রকাশনে নাগরী তথা বঙ্গীয়লিপিতে লিখিত কয়েকখানি পুঁথি হইতে পাঠোদ্ধার হইয়াছে।

(গ) শ্রীঅদ্বৈত-শতনাম-স্তোত্রম্—শ্রীঅদ্বৈত প্রভুর এই স্তোত্রটিও এতকাল অগোচর ছিল, তাহা তাঁহার কৃপায় পূর্ব্ববৎ কয়েকখানি লিপি হইতে পাঠোদ্ধার হইয়াছে।

(ঘ) শ্রীগদাধর-শতনাম-স্তোত্রম্—এই স্তোত্রটি পূর্ব্বে শ্রীব্রজসুন্দরদাস ভক্তিতীর্থ ৪৫৬-গৌরাঙ্গাব্দে শ্রীনবদ্বীপ হইতে প্রকাশন করিয়াছিলেন, তাহাই আমরা এই গ্রন্থে যোজনা করিলাম।

(ঙ) শ্রীকৃষ্ণচৈতন্য-দ্বাদশনাম-স্তোত্রম্—এই স্তোত্রটিও কৃষ্ণদাস বাবার গ্রন্থ এবং গৌরাঙ্গ গ্রন্থ মন্দিরের একখানি করলিপি অনুসারে ধৃত হইল। এই স্তোত্রখানিও পূর্ব্বেই 'গৌরাঙ্গসহস্রনামপঞ্চকম্' গ্রন্থে প্রকাশ পাইয়াছে।

(চ) শ্রীনিত্যানন্দস্য নামদ্বাদশকম্—এই স্তোত্রটি পূর্ব্বে কুসুমসরোবরীয় শ্রীকৃষ্ণদাস বাবা প্রকাশন করিয়াছিলেন। তাহাই আমরা এই গ্রন্থমালায় গাঁথিলাম।

(ছ) শ্রীমদদ্বৈতচন্দ্রস্য নাম দ্বাদশকম্—এই স্তবটিও পূর্বে কেহ প্রকাশিত করেন নি, বহু অনুসন্ধানে ইহার দুইটি মাত্র প্রাচীন হস্তলিখিত পুঁথি হইতে পাঠোদ্ধার হইয়াছে।

(জ) শ্রীগদাধর-রতিজনক-দ্বাদশনামানি—যদিও পূর্ব্বোক্ত ব্রজসুন্দরদাস জীর গ্রন্থে এই নামদ্বাদশের লেখকের পরিচয় নাই, তথাপি 'শ্রীগৌড়ীয়বৈষ্ণবসাহিত্য'(পরিশিষ্ট পৃ-১) অনুসারে আমরা এই নামদ্বাদশকে ভট্টাচার্য্য মহাশয়ের নামাঙ্কিত করিলাম।

(ঝ) শ্রীচৈতন্যশতকম্—শ্রীসার্ব্বভৌমভট্টাচার্য্য মহাপ্রভুর ষড়্ভুজদর্শনে যেই শতশ্লোক দ্বারা শ্রীমন্মহাপ্রভুর স্তব করিয়াছিলেন, তাহাই বর্ত্তমানে শ্রীচৈতন্যশতকম্ বা শ্রীসার্ব্বভৌমশতকম্ নামে সুপ্রসিদ্ধ। ইহার সম্বন্ধে শ্রীচৈতন্যভাগবতে(অন্ত্য.৩.১৪৮-১৪৯) স্বয়ং মহাপ্রভুর বাক্য, যথা—**"শতশ্লোক করি তুমি যে কৈলে স্তবন। যে জন করিবে ইহা শ্রবন পঠন ॥' আমাতে তাহার ভক্তি হইবে নিশ্চয়। 'সার্ব্বভৌম-শতক' যে হেন কীর্ত্তি রয় ॥"**

(ঞ) শ্রীশচীতনয়াষ্টকম্(১)—বহুল প্রচারিত।

(ট) শ্রীগৌরচন্দ্রাষ্টকম্(২)—এই অষ্টকটি সর্ব্বপ্রথম শ্রীহরিদাস গোস্বামিপ্রভুপাদ শ্রীচৈতন্যশতক-গ্রন্থের পরিশেষে প্রকাশ করেন, তাহাই

আমরা অবিকল্পিত ভাবে তুলিয়া ধরিলাম। কিন্তু তাঁহার প্রকাশিত গ্রন্থে কোনো পুষ্পিকাবাক্য না থাকায় আমরা 'বৃন্দাবন শোধ সংস্থানের' দু'টি পুঁথির অবলম্বনে শ্রীসার্ব্বভৌমভট্টাচার্যের নাম যোগ করিলাম। যথা—
'ইতি শ্রীসার্ব্বভৌমভট্টাচার্য্যবিরচিতং শ্রীশ্রীগৌরচন্দ্রাষ্টকং সম্পূর্ণম্ ॥'

(ঠ) শ্রীশচীসুতগৌরাষ্টকম্(৩)—এই স্তোত্রটিও শ্রীহরিদাস গোস্বামিপ্রভু তদীয় চৈতন্যশতক-পুস্তকে প্রকাশন করিলেও কিন্তু তাহাতে কোন পুষ্পিকাবাক্য বা লেখকের নাম আদি কিছুই দেন নাই, কিন্তু কৃষ্ণদাস বাবা তৎপ্রকাশিত গ্রন্থে 'ইতি শ্রীরূপগোস্বামিনা বিরচিতং পুষ্পদন্তস্তোত্রম্' বলিয়া লেখক পরিচিতি দিয়াছেন।

সে যাহাই হউক, আমরা শ্রীহরিদাস গোস্বামী প্রভুপাদের গ্রন্থানুসারে এইটিকে শ্রীসার্ব্বভৌমের রচনা মধ্যে গণনা করিলাম।

(ড) শ্রীনিত্যানন্দাষ্টকম্(১)—এই শ্রীনিত্যানন্দাষ্টকটি যদিও শ্রীবৃন্দাবনদাস-ঠাকুরের রচিত বলিয়া চির প্রসিদ্ধ, তথাপিও শ্রীগৌরাঙ্গ গ্রন্থ মন্দিরের এবং বৃন্দাবন শোধ সংস্থানের কয়েকখানি পুঁথিতে এই অষ্টকটি শ্রীসার্ব্বভৌমভট্টাচার্য্যের নামে অঙ্কিত রহিয়াছে। বৃন্দাবন শোধ সংস্থানে Acc-82, Acc-7601 সংখ্যক পুঁথিদ্বয়ে এই অষ্টকটি শ্রীকৃষ্ণদাস কবিরাজের নামে অঙ্কিত রহিয়াছে। যথা—"ইতি শ্রীকৃষ্ণদাসকবিরাজগোস্বামিনা বিরচিতং শ্রীমন্নিত্যানন্দাষ্টকং সম্পূর্ণম্।" কুত্রচিৎ এই অষ্টকটী শ্রীপ্রবোধানন্দ সরস্বতীর নামেও দৃষ্ট হয়। আবার কয়েকটি পুঁথিতে শ্রীবৃন্দাবনদাস-ঠাকুরের নামও দৃষ্ট হয়।

(ঢ) শ্রীনিত্যানন্দাষ্টকম্(২)—ইতিপূর্ব্বে এই অষ্টকটী কোথা হইতেও প্রকাশিত হয় নাই। এই অষ্টকটি একটি মাত্র হস্তলিখিত পুঁথি হইতে উদ্ধৃত হওয়ায় বহু ভুল-ত্রুটি রহিয়া গেল।

(ণ) শ্রীঅদ্বৈতাষ্টকম্(১)—বহুল প্রচলিত।

(ত) শ্রীঅদ্বৈতাষ্টকম্(২)—বহুল প্রচরিত।

(থ) পদ্যাবলীধৃতশ্লোকাঃ—শ্রীলরূপগোস্বামিপ্রভু স্বকৃত পদ্যাবলীতে ভট্টাচার্য্যের ৮টি শ্লোক উদ্ধার করিয়াছেন। আমরা ঐ ৮টিই শ্রীবীরচন্দ্রগোস্বামিকৃত টীকা সহিত এই গ্রন্থে তুলিয়া ধরিলাম।

(দ) শ্রীমুরারিগুপ্ত-কড়চাদিষু ধৃতশ্লোকদ্বয়ৌ—

**'এই দুই শ্লোক ভক্তকণ্ঠে রত্নহার।**
**সার্ব্বভৌমের কীর্ত্তি ঘোষে ঢক্কা বাদ্যকার ॥'**—(চৈ.চ.ম-৬.২২৯)

ইতি—

**প্রকাশক।**

# ॥শ্রীশ্রীবাসুদেব সার্বভৌম ভট্টাচার্য॥

বনমালী সুদামা চ 'সার্বভৌমো' বৃহস্পতিঃ ॥

[—অনন্তসংহিতা-শ্রীচৈতন্যজন্মখণ্ডে ৫৭-অধ্যায়ে (শব্দকল্পদ্রুমতঃ সংগৃহীতঃ)]

'ভট্টাচার্যঃ সার্বভৌমঃ' পুরাসীদগীষ্পতির্দিবি ॥১১৯ ॥

(—গৌরগণোদ্দেশদীপিকা)

'ভট্টাচার্যং সার্বভৌমং' বিদ্যাবাচস্পতীন্ গুরূন্ ।
বন্দে বিদ্যাভূষণং চ গৌড়দেশবিভূষণম্ ॥৫ ॥

(—বৈষ্ণবতোষণ্যাম্)

বৃহস্পতিঃ 'সার্ব্বভৌমভট্টাচার্য্যো'ঽভবৎ ॥১৩৮ ॥

(—গৌরগণস্বরূপতত্ত্বচন্দ্রিকা)

'সার্ব্বভৌম'মহং বন্দে ভট্টাচার্যমহাশয়ম্ ।
শ্রীচৈতন্যকৃপাপাত্রং সর্ব্বশাস্ত্রার্থপারগম্ ॥১৭ ॥

(—প্রণামবিধায়ক-স্তোত্রম্)

'সার্ব্বভৌম' বন্দোঁ বৃহস্পতির চরিত্র ।
প্রভুর প্রকাশে যাঁর অদ্ভুত কবিত্ব ॥

(—বৈষ্ণব-বন্দনা)

'বাসুদেব সার্ব্বভৌম ভট্টাচার্য' ওহে ।
তোমার গৌরাঙ্গ-গুণে মত্ত কর মোহে ॥১০ ॥

(—সপার্ষদগৌরাঙ্গ-বন্দনা)

শ্রীনবদ্বীপের ৪কি.মি অদূরেই বর্ধমান জেলার বিদ্যানগরে শ্রীমহেশ্বর(নরহরি) বিশারদ বাস করিতেন। তাঁহার সম্বন্ধে বিবিধ তথ্য থাকিলেও গৌড়ীয়বৈষ্ণব-অভিধানের মতই আমরা তুলিয়া ধরিতেছি—

"নরহরি বিশারদ—বাসুদেব সার্বভৌমের পিতা। (বঙ্গের জাতীয় ইতিহাস ২৯৫ পৃঃ)

ভট্টাচার্যবিশারদো নরহরিঃ খ্যাতো নবদ্বীপকে
জ্যায়ান্ সর্বগুণান্বিতো বিজয়তে লোকান্তরস্থো হ্যসৌ ।

অলঙ্কৃত করিয়াছিলেন। সম্ভবতঃ ১৫৩২ খৃঃ ইনি পুরী ত্যাগ বারাণসীতে গিয়াছিলেন(চৈ.চ.মধ্য ১।১৪১, চৈ.না ১০)। বাসুদেবের পাণ্ডিত্য-শ্রবণে উৎকলের স্বাধীন নরপতি মহারাজা প্রতাপরুদ্রদেব ইঁহাকে পরম আদরে ও যথেষ্ট বিত্ত দিয়া নীলাচলে লইয়া গিয়া রাজসভাপণ্ডিত করেন। পরিশেষে মহাপ্রভুর কৃপায় প্রেম লাভ করিয়া সার্ব্বভৌম তদীয় ভৃত্যমধ্যে পরিগণিত হন, ইঁহার রচনা—'সার্ব্বভৌমনিরুক্ত'।"

(—গৌড়ীয়বৈষ্ণবঅভিধান ১৩৬৫-৬)

**সার্ব্বভৌম হইলা প্রভুর ভক্ত একতান।**
**মহাপ্রভু বিনা সেব্য নাহি জানে আন॥**
**শ্রীকৃষ্ণচৈতন্য শচীসুত গুণধাম।**
**এই ধ্যান, এই জপ, এই লয় নাম॥**

(—চৈ.চ.মধ্য ৬।২৩০-২৩১)

নীলাচললীলায় সার্ব্বভৌমই মহাপ্রভুর প্রধান সঙ্গী ছিলেন। রাজা প্রতাপরুদ্রের সহিত মহাপ্রভুর মিলনে প্রথমতঃ ইনি কথাবার্ত্তা চালাইয়াছেন। ইঁহারই যুক্তিতে জগন্নাথবল্লভ-উদ্যানে রাজা প্রভুর চরণস্পর্শাদি লাভ করেন। গুণ্ডিচামার্জ্জনে, জলকেলিতে, নন্দোৎসবে, শ্রীরূপের কাব্যামৃতাস্বাদনে ভোজন-বিলাসে, শ্রীহরিদাসনির্য্যাণ-প্রসঙ্গে আমরা সর্ব্বত্রই ইঁহার সাহিত্য ও প্রাধান্য অনুভব করি।'

(—গৌড়ীয়বৈষ্ণব অভিধান-১৪০১পৃঃ)

# সূচীপত্র

**বিষয়** **পৃষ্ঠাঙ্ক**

শ্রীচৈতন্যাষ্টোত্তর-শতনাম-স্তোত্রম্ ...................... ২৭
শ্রীনিত্যানন্দাষ্টোত্তর-শতনাম-স্তোত্রম্ .................... ২৯
শ্রীঅদ্বৈতাষ্টোত্তর-শতনাম-স্তোত্রম্ ....................... ৩১
শ্রীগদাধরাষ্টোত্তর-শতনাম-স্তোত্রম্ ...................... ৩৩
শ্রীকৃষ্ণচৈতন্য-দ্বাদশনাম-স্তোত্রম্ ........................ ৩৫
শ্রীনিত্যানন্দস্য নাম দ্বাদশকম্ ............................ ৩৫
শ্রীমদদ্বৈতচন্দ্রস্য নাম দ্বাদশকম্ ....................... ৩৬
শ্রীগদাধর-রতিজনক-দ্বাদশনামানি ....................... ৩৬
শ্রীচৈতন্যশতক-শ্লোকসূচী ................................ ৩৭
শ্রীচৈতন্যশতকম্ ........................................... ৩৯
শ্রীশচীসুতাষ্টকম্ ............................................ ৬৪
শ্রীগৌরচন্দ্রাষ্টকম্ ........................................... ৬৫
শ্রীশচীসুতাষ্টকম্ ............................................ ৬৬
শ্রীনিত্যানন্দাষ্টকম্ (১) .................................... ৬৭
শ্রীনিত্যানন্দাষ্টকম্ (২) .................................... ৬৯
শ্রীঅদ্বৈতাষ্টকম্ (১) ......................................... ৭০
শ্রীঅদ্বৈতাষ্টকম্ (২) ......................................... ৭২
শ্রীমুরারিগুপ্ত-কড়চাদিষু ধৃতশ্লোকদ্বয়ৌ ................ ৭৩
শ্রীসার্ব্বভৌম-ভট্টাচার্য্যকৃতাঃ শ্রীরূপগোস্বামিপাদসঙ্কলিত-
শ্রীপদ্যাবলীগ্রন্থধৃতা অষ্ট শ্লোকাঃ ........................ ৭৪

**পরিশিষ্টঃ**

শ্রীশ্রীবাসুদেব-সার্বভৌমাষ্টকম্ ........................... ৮০

# পরিশিষ্টঃ

## শ্রীশ্রীবাসুদেবসার্ব্বভৌমাষ্টকম্।

শ্রীবর্ধমানে প্রকটং সুবালং পুত্রং বরং বিজ্ঞমহেশ্বরস্য।
বিদ্যাবলালঙ্কৃতবাসুদেবং শ্রীসার্ব্বভৌমং সততং ভজামঃ ॥
মৈথিল্যবাসং সগণৈঃ পঠন্তং ছাত্রোত্তমং পক্ষধরস্য নিষ্ঠম্।
ন্যায়াদিশাস্ত্রং মুখধারকং চ শ্রীসার্বভৌমং সততং ভজামঃ ॥
অদ্বৈতসিদ্ধান্তপরং নিতান্তং বেদান্তবিজ্ঞং পরমং প্রচণ্ডম্।
রাজপ্রতাপাভিধরুদ্রপূজ্যং শ্রীসার্ব্বভৌমং সততং ভজামঃ ॥
নীলাচলাচার্য্যপদাভিষিক্তং প্রেষ্ঠং জগন্নাথসভাসুধীং চ।
অদ্বৈতবীথীং পরিহারকং তং শ্রীসার্ব্বভৌমং সততং ভজামঃ ॥
চৈতন্যভক্তং ভগবদ্ভজন্তং চৈতন্যনামৈকজপন্তমুচ্চৈঃ।
চৈতন্যদেবং শতকৈঃ স্তবন্তং শ্রীসার্ব্বভৌমং সততং ভজামঃ ॥
সেবোন্মুখং ভক্তিরসে নিমগ্নং শ্রীরামরায়েকসখং দয়ালুম্।
প্রাতঃ প্রসাদান্নসুসেবিনং তং শ্রীসার্ব্বভৌমং সততং ভজামঃ ॥
আসক্তযুক্তং প্রভুনামগানে ভক্তাঙ্গসঙ্গেন সুখৈঃ বসন্তম্।
বৈরাগ্যবিদ্যেতি যশো লিখন্তং শ্রীসার্ব্বভৌমং সততং ভজামঃ ॥
অদ্বৈতচন্দ্রস্য গদাধরস্য পদ্মাবতীপুত্রমণেশ্চ দাস্যম্।
প্রেমার্দ্রপূর্ণং নিয়তং সমুৎকং শ্রীসার্ব্বভৌমং সততং ভজামঃ ॥
বলরাম-শিবানন্দ-তুলসীদাস-ভৃত্যকঃ।
কোঽপ্যস্য লেখকঃ দাসঃ শ্রীজীবশরণপ্রিয়ঃ ॥

**ইতি শ্রীবৃন্দাবননিবাসিনা শ্রীবৃন্দাবনদাসেন**
**বিরচিতং শ্রীসার্ব্বভৌমাষ্টকং সম্পূর্ণম্ ॥**

—ঃ০ঃ—